

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৩৮ ১/ বিবিধ

আরবী

إن الله عز وجل خلق السموات سبعا، فاختار العليا منها فسكنها، وأسكن سائر سمواته من شاء من خلقه، وخلق الأرضين سبعا فاختار العليا منها فأسكنها من شاء من خلقه، ثم خلق الخلق فاختار من الخلق بني آدم واختار من بني آدم العرب، واختار من العرب مضر، واختار من مضر قريشا، واختار من قريش بني هاشم واختارني من بني هاشم، فأنا من خيار إلى خيار، فمن أحب العرب فبحبي أحبهم، ومن أبغض العرب فببغضي أبغضهم

منكر

رواه الطبراني (3 / 210 / 1) والعقيلي في " الضعفاء " (458) وابن عدي (74 / 2 / 301 / 301 وأبو نعيم في " دلائل النبوة " (ص 12) وكذا الحاكم (4 / 73 _ 74) وابن قدامة المقدسي في " العلو" (165 _ 651) والعراقي في " محجة القرب إلى محبة العرب " (2 / 201) من طريقين عن محمد بن ذكوان عن عمرو

ابن دینار عن ابن عمر مرفوعا

قلت: وهذا إسناد ضعيف جدا: محمد بن ذكوان، قال النسائي: ليس بثقة وضعفه الدارقطني وغيره، وقد قال العقيلي: إنه لا يتابع عليه، لكن أخرجه الحاكم من طريق أخرى عن عمرو بن دينار عن سالم بن عبد الله عن ابن عمر مرفوعا مختصرا قلت: وفي سنده أبو سفيان زياد بن سهيل الحارثي ولم أجد له ترجمة والحديث أورده ابن أبى حاتم في " العلل " (2 / 367 _ 368) من الطريق الأول وقال



عن أبيه: إنه حديث منكر، وأقره الذهبي في ترجمة ابن ذكوان من الميزان ومما ينبغي أن يعلم أن القطعة الأخيرة من الحديث المتضمنة فضل العرب وفضل الرسول صلى الله عليه وسلم ثابتة في أحاديث صحيحة قد ذكرنا بعضها عند الكلام على الحديث الموضوع: " إذا ذلت العرب ذل الإسلام " وتكلمنا هناك عن مسألة أفضلية العرب على العجم وحقيقتها بشيء من التفصيل فراجع الحديث (163) والذي بعده

বাংলা

৩৩৮। আল্লাহ তা'আলা সাত আসমানকে সৃষ্টি করলেন। অতঃপর তার মধ্য হতে সর্বোচ্চটিকে পছন্দ করলেন। সেটিতে বসবাস করা শুরু করেলেন এবং তার সকল আসমানকে তার সৃষ্টির মধ্য হতে যাকে চান তাঁদের জন্য বাসস্থান বানালেন। সাত যমীনকে সৃষ্টি করলেন। তার মধ্য থেকে সর্বোচ্চটিকে তার সৃষ্টির মধ্য হতে যাকে চান তাঁদের জন্য বাসস্থান বানালেন। অতঃপর সকল সৃষ্টিকে সৃষ্টি করলেন। সৃষ্টির মধ্য হতে আদম সন্তানদের তিনি চয়ন করলেন। বানু আদমদের থেকে আরবদেরকে চয়ন করলেন। আরবদের থেকে মুযারা গোত্রকে বেছে নিলেন। মুযারা হতে কুরাইশদেরকে বেছে নিলেন। কুরাইশদের থেকে হাশেমীদেরকে বেছে নিলেন। অতঃপর আমাকে হাশেমীদের থেকে বেছে নিলেন। আমি উত্তমদের থেকে উত্তমদের শেষ সীমায়। অতএব যে ব্যাক্তি আরবদের ভালবাসবে, সে আমাকে ভালোবাসার কারণেই তাঁদেরকে ভালবেসেছে এবং যে আরবদের অপছন্দ করবে সে আমাকে অপছন্দ করার কারণেই তাঁদেরকে অপছন্দ করেছে।

হাদীসটি মুনকার।

এটি তাবারানী (৩/২১০/১), উকায়লী""আয-যুয়াফা" গ্রন্থে (৪৫৮), ইবনু আদী (৭৪/২/৩০১/২), আবূ নু'য়াইম "দালায়েলুল নুবুওয়া" গ্রন্থে (পৃঃ ১২), অনুরূপভাবে হাকিম (৪/৭৩-৭৪), ইবনু কুদামা আল-মাকদেসী "আল-উলু" গ্রন্থে (১৬৫-১৬৬) এবং ইরাকী "মুহাজ্জাতুল কুরব ইলা মুহাব্বাতীল আরাব" গ্রন্থে (২/২০১) দু'টি সূত্রে মুহাম্মাদ ইবনু যাকওয়ান হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদ নিতান্তই দুর্বল। এ মুহাম্মাদ ইবনু যাকওয়ান সম্পর্কে নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। তাকে দারাকুতনী ও অন্যরা দুর্বল আখ্যা দিয়েছেন। উকায়লী বলেছেনঃ তিনি অনুসরণযোগ্য নন। হাকিম অন্য একটি সূত্রে আমর ইবনু দীনার হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদে আবু সুফিয়ান যিয়াদ ইবনু সুহায়েল আল-হারেসী নামক এক বর্ণনাকারী আছেন তার জীবনী পাচ্ছি না। হাদীসটি ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/৩৬৭-৩৬৮) প্রথম সূত্রটিতে উল্লেখ করেছেন, অতঃপর তার পিতার উদ্ধৃতিতে বলেছেনঃ হাদীসটি মুনকার। যাহাবী ইবনু যাকুয়ানের জীবনীতে



"আল-মীযান" গ্রন্থে তা সমর্থন করেছেন। তবে হাদীসের শেষাংশ যেটুকুতে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ফযীলত এবং আরবদের ফযীলত সম্পর্কে বলা হয়েছে সে অংশটুকু সহীহ্ হাদীস দ্বারা সাব্যস্ত হয়েছে।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন